

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩২. যার সম্পদ হালাল হওয়ার সম্ভাবনাই বেশি তার দেয়া খাদ্য-পানীয় গ্রহণের সময় তা হালাল কি না জিজ্ঞাসা করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا دَخَلَ أَحَدُكُمْ عَلَى أَخِيْهِ الْمُسْلِمِ ، فَأَطْعَمَهُ مِنْ طَعَامِهِ ؛ فَلْيَأْكُلْ ، وَلاَ يَسْأَلْهُ عَنْهُ ، وَإِنْ سَقَاهُ مِنْ شَرَابِهِ فَلْيَشْرَبْ مِنْ شَرَابِهِ ، وَلاَ يَسْأَلْهُ عَنْهُ

"যখন তোমাদের কেউ তার কোন মুসলিম ভাইয়ের নিকট মেহমান হয় এবং সে তাকে কিছু খেতে দেয় তখন সে যেন তা খেয়ে নেয়। উপরস্তু সে যেন তাকে উক্ত খাদ্য হালাল না কি হারাম এ সম্পর্কে জিজ্ঞাসা না করে। তেমনিভাবে উক্ত মুসলিম ভাই যদি তাকে কোন কিছু পান করতে দেয় সে যেন তা পান করে নেয়। উপরস্তু সে যেন তাকে উক্ত পানীয় হালাল না কি হারাম এ সম্পর্কে জিজ্ঞাসা না করে"।[1]

>

ফুটনোট

[1] (আহমাদ্ ২/৩৯৯ 'হাকিম ৪/১২৬ আবু ইয়া'লা, হাদীস ৬৩৫৮ খতীব ৩/৮৭-৮৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11282

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন